মুজিবনগর স্মৃতিসৌধে নবনির্বাচিত ছাত্রলীগ কমিটির শ্রদ্ধাঞ্জলী নিবেদন

মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেছেন মুজিবনগর উপজেলা ছাত্রলীগের নবনির্বাচিত কমিটি।

আজ রবিবার বিকেলে নবনির্বাচিত কমিটির সভাপতি ইমাম হোসেন ইমন ও সাধারণ সম্পাদক গাজী স্বপনে নেতৃত্বে এই পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এর আগে গতকাল শনিবার (১৩ এপ্রিল) মেহেরপুরের মুজিবনগর উপজেলা ছাত্রলীগের আংশিক কমিটির অনুমোদন দেয় জেলা ছাত্রলীগ। জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধঁন ও সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল সাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ইমাম হোসেন ইমনকে সভাপতি ও স্বপন গাজিকে সাধারণ করে আগামী এক বছর জন্য মুজিবনগর উপজেলা ছাত্রলীগের ৬ সদস্য বিশিষ্ট আংশিক কমিটির অনুমোদন দেয়া হলো। কমিটির অন্য সদস্যরা হলো, সহসভাপতি ইশতিয়াক হোসেন লিমন, ওমর শরিফ উৎসর্গ, যুগ্ম সাধারণ সম্পাদক ইশতিয়াক আহমেদ ও সাংগঠনিক সম্পাদক সায়েম খন্দকার। ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধঁন জানান, আংশিক কমিটির অনুমোদন দেয়া হয়েছে। সেই সাথে পূর্নাঙ্গ কমিটির তালিকা অতি দ্রুত দেয়ার নির্দেশ দেয়া হয়েছে।